

২০২৫

বাংলা

(সাম্মানিক)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

ষষ্ঠ সেমিস্টার

কোর্স কোড : BENG-H-CC-T-13

(পরিবেশ ভাবনা ও বাংলা সাহিত্য)

[নতুন পাঠ্যক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

- ক) রূপসী বাংলা কবিতাটি কোন ছন্দে রচিত? ওই ছন্দের দুটি বৈশিষ্ট্য লেখো।
- খ) কবি অমিয় চক্রবর্তীর 'গাছ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? কাব্যগ্রন্থটির প্রকাশ সাল কত?
- গ) 'আগামী' কবিতাটিতে অঙ্কুরিত চারা গাছটি কিসের প্রতীক?
- ঘ) 'ছায়ার জন্য' কবিতায় কবি কেন অরণ্যে যেতে চেয়েছেন?
- ঙ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসটিতে মোট কতগুলি অধ্যায় আছে? এর মধ্যে কোন অধ্যায়ের একাধিক ভাগ আছে?
- চ) 'কে জানে? হয়তো গাছটার সেই অন্তর্দৃষ্টি ছিল' — এই অন্তর্দৃষ্টির ফলে গাছটি কী অনুভব করতে পারছিল?

(পরের পাতায়)

- ছ) 'এখানে দুটো তিতির রোজ নেমে আসে'— গল্পের নাম কি? উক্ত গল্পে তিতির ব্যতীত আর দুটি চরিত্রের নাম লেখো।
- জ) 'নিয়েছি, বেশ করেছি' — কোন গল্পে কে কী নিয়েছে?
- ঝ) 'মরসুমের বাদল রাত্রিতে পিচমোড়া রাস্তাটি' কিভাবে নির্বোধ কুটিল হয়ে ওঠে?
- ঞ) 'হলকর্ষণ' প্রবন্ধে 'জন সমবায়' বলতে রবীন্দ্রনাথ কী বুঝিয়েছেন?
- ট) 'বোবা বন্ধু' কারা? তারা কি করে?
- ঠ) 'মানুষই নিজের লোভের দ্বারা মরণের উপকরণ জুগিয়েছে।'— কথাটির অর্থ বুঝিয়ে দাও।
- ড) 'প্রকৃতি পাঠ' উপন্যাসটি কাকে উৎসর্গ করা হয়েছে? রচনাটি কবে প্রথম প্রকাশিত হয়?
- ঢ) রিভারসাইড রোডে রেনুর বাড়িতে কী কী আশ্চর্য রকমের শব্দ শোনা যেতো?
- ণ) 'নগ্ন পৃথিবীর লজ্জা রক্ষা হল' — কোন প্রবন্ধের অন্তর্গত? কিভাবে এই লজ্জা রক্ষা পেয়েছিল?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) 'জয়ধ্বনি' কিশলয়ে, সম্বর্ধনা জানাবে সকলে' — উদ্ধৃত চরণটির অর্থ বিশ্লেষণ করো।
- খ) 'ছায়ার জন্য' কবিতাটিকে কি ইকো পোয়েট্রি বলা যায়? তোমার অভিমত সংক্ষেপে ব্যক্ত করো।
- গ) "হ্যাঁ খেলা ! খেলা বৈকি!"
এই খেলাটি কী? কে কিভাবে এই খেলা উপভোগ করতো?

- ঘ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসের মধ্যে লেখক মূল কী কী বিষয়ের প্রতি আলোকপাত করতে চেয়েছেন?
- ঙ) 'তারপরে এলো এক যুগ' — সে যুগের নাম কী? সেই যুগে তারপরের কী কী ঘটনা ঘটেছিল?
- চ) 'তারা ধরণীর ধ্যান মস্তকের ধ্বনি' — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) 'গাছ' কবিতাটির মূলভাব উল্লেখ করে কবিতাটির কাব্য সৌন্দর্য্য বিশ্লেষণ করো।
- খ) ছোটগল্পকার হিসেবে সাধন চট্টোপাধ্যায়ের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে 'মহাপ্রাণের ঋণ' গল্পটি ছোটগল্প হিসেবে কতখানি শিল্পসার্থক হয়েছে তা জানাও।
- গ) 'প্রকৃতি পাঠ' উপন্যাসের পরিণতি সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো।
- ঘ) তোমাদের পাঠিত রবীন্দ্রনাথ ঠাকুরের তিনটি প্রবন্ধে প্রকৃতি ও পরিবেশ সম্পর্কে রবীন্দ্র ভাবনার বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।